

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

প্লট নং ২৩-২৬, রোড নং ৪৬, গুলশান-২, ঢাকা।

স্মারক নং-৪৬.১০.০০০০.০০৬.০৬.০০৪.১৫-১৬৬২

তারিখঃ ১৫/০৫/২০১৭ খ্রিঃ

১৫ তম কর্পোরেশন সভার নোটিশ

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র জনাব আনিসুল হক এর সভাপতিত্বে ১৫ তম কর্পোরেশন সভা আগামী ২৯/০৫/২০১৭ খ্রিঃ সোমবার সকাল ১১:০০ টায় উত্তরা কমিউনিটি সেন্টার (বাড়ী-২০, রোড নং-১৩/ডি, সেক্টর-৬, উত্তরা) এ অনুষ্ঠিত হবে। বিধায় ১৪ তম কর্পোরেশন সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি এবং ১৫ তম কর্পোরেশন সভার সম্ভাব্য আলোচ্যসূচী জানা প্রয়োজন।

২। এমতাবস্থায়, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ১৪ তম কর্পোরেশন সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি এবং আসন্ন ১৫তম কর্পোরেশন সভার সম্ভাব্য আলোচ্যসূচী অপর পৃষ্ঠায় বর্ণিত ছক মোতাবেক আবশ্যিকভাবে আগামী ২৩/০৫/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে হার্ডকপি প্রেরণ এবং www.asad.dncc@gmail.com -এ সফটকপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৩। সভার প্রাপ্ত সম্ভাব্য আলোচ্যসূচিঃ

- মোটর সাইকেল বরাদ্দ নীতিমালা প্রসঙ্গে।
- PWCSF দের মাধ্যমে বাসাবাড়ী থেকে গৃহস্থলী বর্জ্য সংগ্রহের সেবা মূল্য পুনঃ নির্ধারণ প্রসঙ্গে।
- ২৯ নং এবং ৩০ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলরের ওয়ার্ড অফিসে ফগার মেশিন ও কীটনাশক মজুদ রাখা।
- ধুমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার নিয়ন্ত্রণ আইন ২০০৫ (সংশোধিত আইন ২০১৩) এবং স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর তৃতীয় তফসিল (ধারা-৪১) ১.১, ৫ এবং ১১.১ প্রয়োগ প্রসঙ্গে।
- জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক ডিএনসিসি বরাবরে প্রেরিত পত্র সংক্রান্ত।
- অঞ্চল-২ (মিরপুর) এর আঞ্চলিক কার্যালয়টি ৭ নম্বর ওয়ার্ডস্থিত মিরপুর সেকশন-২, সনি সিনেমা হল সংলগ্ন বহুতল বিশিষ্ট ভবনে স্থানান্তর ও অঞ্চল-২ এর বর্তমান আঞ্চলিক কার্যালয়ের স্থানে বহুতল বিশিষ্ট বাণিজ্যিক ভবন এবং ১ম ও ২য় শ্রেণীর কর্মকর্তাদের জন্য আবাসিক ভবন নির্মাণ প্রসঙ্গে।
- ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এলাকায় হোল্ডিং গণনা/জরীপ ও হোল্ডিং নম্বর প্লেট স্থাপন প্রসঙ্গে।
- ডিএনসিসি'র গাড়ীতে সংযোজিত VTS (Vehicle Tracking System) লাগানো সংক্রান্ত।
- স্কেলভুক্ত মাস্টাররোল/দৈনিক মজুরী ভিত্তিক স্কেলভুক্ত মাস্টাররোল/পরিচ্ছন্নতা কর্মীদের বৈশাখী উৎসব ভাতা প্রদান প্রসঙ্গে।
- ডিএনসিসি'র মেডিকেল টিম কর্তৃক ঘোষিত কর্মে অক্ষম ৫৯ বৎসরের নীচে ১৯ জন স্কেলভুক্ত মাস্টাররোল কর্মীদের বিষয়ে করণীয় সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ।
- বিবিধ

৪। উক্ত সভায় সকল সম্মানিত কাউন্সিলর, বিভাগীয় প্রধান ও আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

৫। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নোটিশ জারি করা হলো।

স্বাক্ষরিত/-

(দুলাল কৃষ্ণ সাহা)

সচিব (যুগ্ম-সচিব)

ফোন-৮৮৩৪৯৩০

ফ্যাক্স-৮৮৩৪৯৮৩

বিতরণ কার্যার্থেঃ সম্মানিত কাউন্সিলর (সকল) সাধারণ ওয়ার্ড নং-----/ সংরক্ষিত আসন-----।

স্মারক নং-৪৬.১০.০০০০.০০৬.০৬.০০৪.১৫-১৬৬২

তারিখঃ ১৫/০৫/২০১৭ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১। বিভাগীয় প্রধান (সকল).....ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

২। প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা (অনুষ্ঠানস্থলে ব্যানার/মাইক/ সাউন্ড সিস্টেম/ রেকর্ডার/ডেকোরেশন/আপ্যায়নসহ যাবতীয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

৩। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল....., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (তাদের আওতাধীন ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলরগণের উপস্থিতি নিশ্চিতকরণের অনুরোধসহ)।

৪। সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (নোটিশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৫। মেয়র মহোদয়ের একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

৬। মেয়র মহোদয়ের সহকারী একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

৭। প্রধান নির্বাহী কর্মকর্তার ব্যক্তিগত সহকারী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

৮। ওয়ারলেস অপারেটর, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন- সংশ্লিষ্ট সকলকে অবহিত করবেন।

৯। অফিস কপি (নথি নং-৪৬.১০.০০০০.০০৬.০৬.০০৪.১৫, তারিখ-০৬/০৫/২০১৫ খ্রিঃ)।


১৪ তম কর্পোরেশন সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্য প্রদান ছক

ক্রম	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি	মন্তব্য

১৫ তম কর্পোরেশন সভার আলোচ্য বিষয় সংক্রান্ত তথ্য প্রদান ছক

ক্রম	আলোচ্য বিষয়	বস্তুনিষ্ঠ বিবরণ	সম্ভাব্য সিদ্ধান্ত	সভায় বিষয়টি উপস্থাপনকারীর নাম ও পদবী

বিভাগীয় প্রধান/আঞ্চলিক নির্বাহী কর্মকর্তার স্বাক্ষর
তারিখঃ.....


মোঃ রাকিবুল হাসান (মিরাজ)
সহকারী সচিব
সাধারণ প্রশাসন শাখা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।